তারিখ ২৭ OCT 2015
পৃষ্ঠা ০৮ কলাম ৬

যুগান্তর

# রাজাপুরে প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

রাজাপুর (ঝালকাঠি) প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুর উপজেলার গালুয়া এসকে বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আকনের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা, অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এমনকি ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে সম্প্রতি অনিয়মতান্ত্রিকভাবে বিদ্যালয়ের অভিভাবক নির্বাচন সম্পন্নের চেষ্টারও অভিযোগ উঠেছে।

সরেজমিন ও অভিযোগ সূত্রে জানা গেছে, গালুয়া এসকে বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের অভিভাবক নির্বাচনের জন্য সম্প্রতি বিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থীদের অভিভাবকদের নাম দিয়ে একটি ভোটার তালিকা তৈরি করেন। ওই তালিকায় বিদ্যালয়ে অধ্যয়নরত ও ভর্তি নেই এমন শিক্ষার্থীদের ভর্তি দেখিয়ে মনগড়া ভোটার তালিকা প্রস্তুত করেন। পরে কোনো যাচাই-বাছাই ছাড়াই প্রধান শিক্ষক কৌশলের উপজেলা নির্বাহী কর্মকর্তা এবিএম সাদিকুর রহমান কর্তৃক ওই ভোটার তালিকা অনুমোদন করিয়ে নেন। এমনকি প্রধান শিক্ষক তার নিজ স্বার্থ হাসিলের জন্য কোনো অনুমোদন ছাড়াই একই নামে চালানো প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকদের এই নির্বাচনে সংযুক্ত করেছেন। তবে অন্য বিদ্যালয়ে পড়ুয়া শিশু শিক্ষার্থীদের ওই প্রাথমিক বিদ্যালয়ে কোনো দিন ক্লাস করেনি এমন শিক্ষার্থীদেরও প্রতিদিন উপস্থিত দেখানো হচ্ছে। এমনকি প্রধান শিক্ষক জাহাঙ্গীর আকনের বিরুদ্ধে এর আগেও বিদ্যালয়ের বিভিন্ন প্রকল্পের অর্থ-আত্মসাৎ, বিদ্যালয়ে ৭ মাস অনুপস্থিত অনিল বাবু নামে এক শিক্ষকের স্বাক্ষর জাল করে হাজিরা দেখিয়ে অর্থ উত্তোলন করে অর্ধেক বেতন কর্তন ও বিদ্যালয়ে ব্যাপক স্বেচ্ছাচারিতার অভিযোগ রয়েছে।

বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফিরোজা খানম বলেন, 'বিদ্যালয়ে পড়ে না ও কোনো দিন ক্লাস করেনি এমন শিক্ষার্থীদের আমরা হাজিরা খাতায় উপস্থিত দেখিয়েছি এটা সত্য কথা। তবে উপবৃত্তির টাকা উঠানোর জন্য এটা করা হচ্ছে।' বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আকন বলেন, 'এসব অভিযোগ সত্য নয়। আমার বিরুদ্ধে প্রতিপক্ষরা ষড়যন্ত্র করছে।'

এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবিএম সাদিকুর রহমান বলেন, 'ভোটার তালিকা অবৈধ ছিল কিনা এটা আমার জানা ছিল না। তবে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে কোনো অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পেলে তা তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।'